

পৃষ্ঠা ২ ২ JUN 2013

## আবারো উচ্চ আদালতে নটর ডেম কলেজ

যাযদি রিপোর্ট

একাদশ শ্রেণিতে ভর্তির নীতিমালার ব্যাপারে সুখামুখি অবস্থান নিয়েছে শিক্ষা মন্ত্রণালয় এবং নটর ডেম কলেজ কর্তৃপক্ষ। শিক্ষা মন্ত্রণালয়ের জারি করা নীতিমালার নয়, নিজস্ব নিয়মে গণবাসের মতো একাদশ শ্রেণিতে ছাত্র ভর্তি করতে চায় নটর ডেম কর্তৃপক্ষ। এ ব্যাপারে শিক্ষা মন্ত্রণালয়ে আবেদন করলেও নিজস্ব নিয়মে নটর ডেমকে ভর্তির অনুমতি দেয়নি মন্ত্রণালয়। এরই পরিপ্রেক্ষিতে নিজস্ব নিয়মে ভর্তির অনুমতি ও আবেদন চেয়ে গণ বস্তাহা উচ্চ আদালতে রিট আবেদন দাখিল করেছে নটর ডেম কলেজ। আজ রিটের তদানি হতে পারে বলে জানা গেছে। আদালতের নির্দেশনার আলোকেই ভর্তি কার্যক্রম শুরু করা হবে বলে জানিয়েছে কলেজ কর্তৃপক্ষ।

গত ১৮ মে থেকে সারাদেশের কলেজগুলোতে অনলাইনে একাদশ শ্রেণিতে ভর্তি প্রক্রিয়া শুরু হলেও মেধাবীদের প্রথম পছন্দ নটর ডেম কলেজ এখনো ভর্তির বিজ্ঞপ্তি প্রকাশ করেনি। শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, এসএসসি ও সমমান পরীক্ষার ফলাফলের (জিপিএ) আদালতে : পৃষ্ঠা ২ কলাম ৮

### আদালতে : নটর ডেম (প্রথম পৃষ্ঠার পর)

ভিত্তিতে কলেজগুলোকে অনলাইনে একাদশ শ্রেণিতে শিক্ষার্থী ভর্তি করতে বলা হয়েছে। তবে এতে আপত্তি জানায় নটর ডেম কলেজ। নিজস্ব নিয়মে গণবাসের মতো একাদশ শ্রেণিতে ছাত্র ভর্তি করার অনুমতি চেয়ে শিক্ষা মন্ত্রণালয়ে আবেদন করে কলেজ কর্তৃপক্ষ। কিন্তু অনলাইনেই ছাত্র ভর্তি করতে হবে বলে মন্ত্রণালয় সাক্ষর জানিয়ে দেয়। এ ক্ষেত্রে গণ বস্তাহা হাইকোর্টের মেডা রায়ের আলোকে আবারো হাইকোর্টে রিট করেছে কলেজ কর্তৃপক্ষ। কলেজের প্রাক্তন ছাত্র আইন বিশেষজ্ঞ ড. কামাল হোসেন আদালতে রিট আবেদন দাখিল করেছেন। গণ বস্তাহা আইনি লড়াইয়ে জড়ি হয়ে তারা নিজস্ব নিয়মে ভিত্তি ও বৈধিত পরীক্ষার মাধ্যমে ছাত্র ভর্তি করে।

কলেজের অধ্যক্ষ ফাদার হেমন্ত সিউন রোজারিও বলেন, কলেজ কর্তৃপক্ষের দায়ের করা রিট আবেদন উচ্চ আদালতে তদানির অপেক্ষায় রয়েছে। আঙ্গ তদানি হতে পারে। আদালতের নির্দেশনার আলোকেই ভর্তি কার্যক্রম শুরু করা হবে। এ জন্য শিক্ষার্থী ও অভিভাবকদের আরো কয়েকদিন অপেক্ষা করতে হবে।

এ প্রসঙ্গে শিক্ষা সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী বলেন, দেশের সব কলেজের জন্য অভিন্ন ভর্তি নীতিমালা জারি করা হয়েছে। এ নীতিমালা নটর ডেম কলেজ কর্তৃপক্ষকেও মানতে হবে। তারা যদি আইনি প্রক্রিয়ার ক্ষেত্রে চায় জা হলে মন্ত্রণালয়ও এ ক্ষেত্র দেবে এবং যথাযথ পদক্ষেপ নেবে।

প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা : নটর ডেম কলেজের ভর্তি প্রক্রিয়া নিয়ে জটিলতা সমাধানের প্রধানমন্ত্রীর হস্তক্ষেপ কামনা করেছে শিক্ষা প্রতিষ্ঠানটির ছাত্র, অভিভাবক ও তত্ত্বাবধায়কদের সংগঠন নটর ডেম শিক্ষা ঐতিহ্য রক্ষা কমিটি।

সংগঠনটির মহাসচিব কবি-সামাজিক বিপ্লব ফারুক এক বিবৃতিতে বলেন, নটর ডেম কলেজের নিজস্ব নিয়মে ছাত্র ভর্তি প্রক্রিয়ার শিক্ষা মন্ত্রণালয় এবারো বাধা সেখেছে জেনে তারা গভীর উদ্বেগ। শিক্ষা মন্ত্রণালয় ৬৪ বছরের শিক্ষা ঐতিহ্যবাহী কলেজকে কৌশলে বহু করে দিতে চায় বলে তিনি অভিযোগ করেন। তিনি বলেন, শিক্ষা মন্ত্রণালয় অনলাইনে ছাত্র ভর্তি করতে হবে ঘোষণা দিয়েছে।

তিনি বিবৃতিতে আরো বলেন, ইজোমধো জামের এ অংশদানের সঙ্গে একাত্মতা প্রকাশ করেছেন, আইন বিশেষজ্ঞ ড. কামাল হোসেন, ড. সিরাজুল ইসলাম চৌধুরী, আনোয়ার হোসেন মল্ল, মাহমুদ আনান, ড. আবদুল মঈন খান, ড. জহির, হাসান মাহমুদ খন্দকার, ব্যারিস্টার শাওন, ব্যারিস্টার রেহনশাহ নটর ডেম কলেজের সাবেক শিক্ষার্থীরা। তিনি বলেন, গ্রামীণ শিক্ষার্থীদের মাঝে শিক্ষা বিজ্ঞার, ধর্মীয় সংখ্যালঘু ও ক্ষুদ্র নৃগোষ্ঠীর নাগরিকদের, বিশেষ পরিসরে গঠনানের ব্যবস্থা করতে ১৯৪৯ সালে প্রতিষ্ঠিত হয় কলেজটি। প্রতিষ্ঠাকাল থেকে নটর ডেম কলেজ সরকারের কাছ থেকে একটি টাকাও গ্রহণ করেনি। হৃদিতস সম্প্রদায় কলেজটি পরিচালনা করে। এই কলেজের সম্পূর্ণ ফন্ড ও নিরপেক্ষ ভর্তি প্রক্রিয়া রয়েছে। তিনি দেশ-জাতির বৃহৎ স্বার্থে নটর ডেম বিষয়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার গুডদৃষ্টি কামনা করেন।